



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় অফিস, নোয়াখালী।
coop.noakhali.gov.bd



নম্বর: ৪৭.৬১.৭৫০০.০০০.৩২.০১৯.১৮.৪৭

তারিখ: ২৫ পৌষ ১৪২৮

০৯ জানুয়ারি ২০২২

অফিস আদেশ

জনাব রতন চন্দ্র পাল, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী এর বদলী জনিত কারণে তাঁর নামে বরাদ্দকৃত (অনিরীক্ষিত) ০১টি প্রাথমিক সমবায় সমিতির ২০২০-২০২১ সনের নিরীক্ষা নিম্নবর্ণিত কর্মকর্তার নামে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে পুন: বরাদ্দ প্রদান করা হলো।

ক্রঃ নং	সমিতির নাম	নিবন্ধন নং ও তারিখ	নিরীক্ষা কর্মকর্তার নাম ও পদবী	কার্যকর/অকার্যকর
০১.	দক্ষিণ চরহাজারী যুব সমবায় সমিতি লিঃ	২৫ ১৯-১১-২০১৫খ্রি.	জনাব মিঠু সাহা সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয় কোম্পানীগঞ্জ, নোয়াখালী	কার্যকর

০১. সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত/২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত/২০২০) অডিট ম্যানুয়াল, পরিপত্র ও দপ্তর আদেশ অনুসারে অডিট কার্যক্রম সম্পাদন করতে হবে। অডিট সংক্রান্ত বিষয়ে অধিদপ্তরের সার্কুলার নং-১৮০, তারিখ : ২৬-০৪-২০০১খ্রি. এবং আদেশ নং-০১/২০০৩-৫৯১, তারিখ : ২৮-১২-২০০৪খ্রি. সহ সর্বশেষ সার্কুলার অনুসরণ করে অডিট সম্পাদন করতে হবে।


০২. অডিট অফিসার কর্তৃক সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত/২০০২ ও ২০১৩) এর ৩৪ ধারা অনুযায়ী সমিতির সৃষ্ট নীট লাভ হতে উক্ত ধরায় উল্লেখিত তহবিলসমূহ সৃষ্টি করে হিসাব বিবরণীতে অন্তর্ভুক্ত করতে হবে।

০৩. অডিট অফিসার সমিতিতে রক্ষিত রেকর্ডপত্র পুঞ্জানুপুঞ্জভাবে পরীক্ষার মাধ্যমে সকল বিধি বহির্ভূত বিষয়, হিসাবের কারচুপি, জালিয়াতি ও আত্মসাতের মত ঘটনাবলী উদ্ঘাটন নিশ্চিত করবেন (যদি থাকে) এবং এ ধরনের কোন ঘটনা উদ্ঘাটিত হলেই তাৎক্ষণিকভাবে জেলা সমবায় অফিসার, নোয়াখালী বরাবর বিশেষ প্রতিবেদন দাখিল করবেন। সমিতির ব্যবস্থাপনায় ভুল-ত্রুটি দূর করত: কিভাবে সমিতির উন্নয়ন সম্ভব সে বিষয়ে অডিট প্রতিবেদনে সুনির্দিষ্ট অভিমত রাখবেন।

০৪. অডিট ম্যানুয়াল এর আলোকে লক্ষ্যমাত্র অনুযায়ী বরাদ্দকৃত সমিতির অডিট সম্পাদন করে সমিতির কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট ইউসিও এবং এ দপ্তরে ০১ প্রস্থ অডিট প্রতিবেদন দাখিল করতে হবে। এছাড়া সকল সমিতির অডিট আগামী ৩১-০৩-২০২১খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

০৫. অডিট সম্পাদনের পর অডিট অফিসারগণ প্রতি মাসে ব্যক্তিগত অডিট রিটার্ন দাখিল করতে হবে।

০৬. অডিট প্রতিবেদনে কোন প্রকার মিথ্যা ও ভূয়া তথ্য সন্নিবেশন করলে তার জন্য অডিট অফিসারগণের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।



১০-১-২০২২

মোঃ ইমরান হোসেন

জেলা সমবায় কর্মকর্তা

ফোন: ০৩২১-৬১৪৪২

ইমেইল:


dco.noakhali@yahoo.com

নম্বর: ৪৭.৬১.৭৫০০.০০০.৩২.০১৯.১৮.৪৭/১

তারিখ: ২৫ পৌষ ১৪২৮
০৯ জানুয়ারি ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) জনাব মিঠু সাহা, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
- ২) উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
- ৩) অফিস কপি।



১০-১-২০২২

মোঃ ইমরান হোসেন

জেলা সমবায় কর্মকর্তা